

স্মারক নং: জবি/গসওপ্র/প্রেস বিজ্ঞপ্তি/২০০৮/০২/৪৯৯

তারিখ: ১২/০৭/২০২১

বরাবর

সম্পাদক

দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক

জরুরি সংবাদ বিজ্ঞপ্তি

## পূর্ব ঘোষিত ১০ আগস্ট হতে পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত স্থগিত

পরবর্তী পরীক্ষা গ্রহণের তারিখ ন্যূনতম ৪ সপ্তাহ পূর্বে ঘোষণা করা হবে

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক-এর সভাপতিত্বে পরীক্ষা গ্রহণ সংক্রান্ত বিষয়ে অদ্য ১২ জুলাই-২০২১, দুপুর ১২টায়, Online-এ Zoom Cloud-এর মাধ্যমে এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের ডেপুটি অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার, বিভাগের চেয়ারম্যান, প্রক্টর, পরিচালক (ছাত্র-কল্যাণ), পরীক্ষা নিয়ন্ত্রক ও অন্যান্য সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

**সভায় সিদ্ধান্ত:** দেশে বর্তমানে করোনা পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করায় সকল শিক্ষক, শিক্ষার্থী এবং পরীক্ষা সংশ্লিষ্ট সকলের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি বিবেচনা করে পূর্ব ঘোষিত ১০/০৮/২০২১ তারিখ হতে অনুষ্ঠিতব্য সকল ইনস্টিটিউট ও বিভাগের পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়। পরিস্থিতি উন্নতি হওয়া সাপেক্ষে এ বিষয়ে সরকারি সিদ্ধান্ত অনুসরণ পূর্বক ন্যূনতম চার সপ্তাহ পূর্বে পরীক্ষার তারিখ ঘোষণা করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,



(মোঃ সাইফুল ইসলাম)

উপ-পরিচালক ও দপ্তর প্রধান

জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর

মোবাইল: ০১৭১১-৯৭৯৯২৪